গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাহারোল, দিনাজপুর।
www.kaharol.dinajpur.gov.bd

স্মারক নম্বর: ০৫.৫৫.২৭৫৬.০০০.২২.০০২.২৬-১২১(২০০)

তারিখ: ০৮ মাঘ, ১৪৩২
২২ জানুয়ারি,২০২৬

## "হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাহারোল উপজেলার অন্তর্গত নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩৩ সনের ১ বৈশাখ হইতে ৩০ শে চৈত্র পর্যন্ত ১ (এক) বৎসর মেয়াদে অস্থায়ীভাবে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী ব্যক্তিগণের নিকট হইতে অত্রাফিসের নির্ধারিত সিডিউল ফরমে পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রের সিডিউল জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর, পুলিশ সুপারের কার্যালয়, দিনাজপুর, উপজেলা ভূমি অফিস, কাহারোল, দিনাজপুর, কাহারোল থানা (পুলিশ স্টেশন), ইউনিয়ন পরিষদ কার্যালয় (সকল) ও সোনালী ব্যাংক পিএলসি, কাহারোল শাখা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে সংশ্লিষ্ট হাটের পার্শ্বে বর্ণিত দরপত্র মূল্যে (অফেরতযোগ্য) অফিস চলাকালীন সময়ের মধ্যে দরপত্র ফরম ক্রয় করা যাবে। জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর, পুলিশ সুপারের কার্যালয়, দিনাজপুর, উপজেলা ভূমি অফিস, কাহারোল এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত সময়সূচি মোতাবেক দরপত্র দাখিল করা যাবে। দরপত্র সিডিউলের শর্তাবলী অনুসরণ করতে হবে। দরপত্র দাখিলের তারিখে কোন দরপত্র ফরম বিক্রয় করা হবে না। যে কোন দরপত্র গ্রহণ/ বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

### হাট-বাজারের বিবরণ

| ক্রমিক | ইউনিয়ন পরিষদের নাম | হাটের নাম | সরকারি মুল্য (টাকা) | সিডিউলের মুল্য (টাকা) | দরপত্র বিক্রির,দরপত্র বাক্সে সীলমোহরকৃত খামে দরপত্র দাখিলের তারিখ ও সময় এবং দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|
| ০১ | ১ নং ভাবোর | জয়নন্দ হাট | ৪১,৮৩,৬৬৭/- | ৯,০০০/- | **১) ১ম পর্যায়**<br>দরপত্র বিক্রির তারিখ ও সময়:<br>২৫/০১/২০২৬ হতে ১৫/০২/২০২৬ খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন সময়।<br>দরপত্র বাক্সে দরপত্র দাখিলের তারিখ ও সময়:<br>তারিখ: ১৬/০২/২০২৬ খ্রি.<br>সময়: সকাল ৯.০০ ঘটিকা হতে বেলা: ১.০০ ঘটিকা পর্যন্ত।<br>দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়:<br>তারিখ: ১৬/০২/২০২৬ খ্রি.<br>সময়: বেলা: ৩.৩০ ঘটিকা।<br>**২) ২য় পর্যায়**<br>দরপত্র বিক্রির তারিখ ও সময়:<br>১৭/০২/২০২৬ হতে ২৫/০২/২০২৬ খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন সময়।<br>দরপত্র বাক্সে দরপত্র দাখিলের তারিখ ও সময়:<br>তারিখ: ২৬/০২/২০২৬ খ্রি.<br>সময়: সকাল ৯.০০ ঘটিকা হতে বেলা: ১.০০ ঘটিকা পর্যন্ত।<br>দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়:<br>তারিখ: ২৬/০২/২০২৬ খ্রি.<br>সময়: বেলা: ৩.৩০ টা।<br>**৩) ৩য় পর্যায়**<br>দরপত্র বিক্রির তারিখ ও সময়:<br>২৭/০২/২০২৬ হতে ০৪/০৩/২০২৬ খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন সময়।<br>দরপত্র বাক্সে দরপত্র দাখিলের তারিখ ও সময়:<br>তারিখ: ০৫/০৩/২০২৬ খ্রি.<br>সময়: সকাল ৯.০০ ঘটিকা হতে বেলা: ১.০০ ঘটিকা পর্যন্ত।<br>দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়:<br>তারিখ: ০৫/০৩/২০২৬ খ্রি:<br>সময়: বেলা ৩.৩০ ঘটিকা। |
| ০২ | | রাঙ্গাচাটা হাট | ৭,৬০০/- | ৫০০/- | |
| ০৩ | | কালির হাট | ৫০০/- | ৫০০/- | |
| ০৪ | ২ নং রসুলপুর | বলেয়া হাট | ৩,০৫,৩৩৩/- | ১,৪০০/- | |
| ০৫ | | কামোর হাট | ৫৫,৬৬৭/- | ৫০০/- | |
| ০৬ | | তরলা বাজার | ১৪,০০০/- | ৫০০/- | |
| ০৭ | | সাধুর বাজার হাট | ১৯,৬৬৭/- | ৫০০/- | |
| ০৮ | | তরকন্দা হাট | ৫০০/- | ৫০০/- | |
| ০৯ | ৩ নং মুকুন্দপুর | কাহারোল হাট-বাজার | ৪,৫০,৯৮,৬৬৭/- | ৯০,৮০০/- | |
| ১০ | ৪ নং তারগাঁও | বগদইড় হাট | ১,১৭,০৩৩/- | ১,০০০/- | |
| ১১ | | উপরপুরী হাট | ২৮,৩০০/- | ৫০০/- | |
| ১২ | | বাইশের হাট | হাট বসে না | ৫০০/- | |
| ১৩ | | বুলিয়া বাজার | ১৪,৮৪৩/- | ৫০০/- | |
| ১৪ | | ভাবোরদিঘী হাট | ৫০০/- | ৫০০/- | |
| ১৫ | ৫ নং সুন্দরপুর | গড়েয়া হাট | ৮,৫৯,৬০০/- | ২,৪০০/- | |
| ১৬ | | দশমাইল হাট | ৩৩,০১,৪১৮/- | ৭,৪০০/- | |
| ১৭ | | সুন্দরপুর কাচারী হাট | ৪,৯০০/- | ৫০০/- | |
| ১৮ | ৬ নং রামচন্দ্রপুর | মুটুনী হাট | ১,৩২,৩৫৩/- | ১,০০০/- | |
| ১৯ | | বটতলী হাট | ৩১,২৬৭/- | ৫০০/- | |
| ২০ | | শুকানদিঘী হাট | ৫০০/- | ৫০০/- | |

উল্লেখ্য যে, কোন দফায় একটি হাটের দাখিলকৃত দর গৃহীত হলে পরবর্তী দফায় ঐ হাটের দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না।

২২/০১/২০২৬
মোকলেদা খাতুন মীম
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল, দিনাজপুর।
: +৮৮ ০১৭৬১৪৯৩৫২৭
: +৮৮ ০২৫৮৯৯২৯৪৬৫ (অফিস)
: unokaharole@mopa.gov.bd

## ১৪৩৩ বাংলা সনের হাট ও বাজর ইজারার শর্তাবলী:

১। বাংলা ১৪৩৩ সনের ১লা বৈশাখ হইতে ৩০ শে চৈত্র ১ (এক) বৎসর মেয়াদ কালের জন্য হাট ও বাজার ইজার দেওয়া হইবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট / পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর এর অনুকূলে জমা দিতে হইবে। অন্যথায় দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২০% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং অবশিষ্ট ১০% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট ও বাজার নিজ খরচে পরিস্কার না করিলে বা অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হইবে।

৩। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৮০% (শতকরা ৮০ ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে, অন্যথায় হাট ও বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট ও বাজারের সরকারি মূল্যের কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে।

৫। এক হাট ও বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট ও বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল গ্রহণ করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট ও বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।

৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হইবে। দরপত্রের সাথে দরপত্রদাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে হাট ও বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙিয়ে প্রচার করবেন এবং টোলের পরিমান অংকে ও কথায় রশিদে লিখে বিক্রেতার নিকট সরবরাহ করবেন।

৮। প্রত্যেক হাট ও বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে ইইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় পৃথক স্বাক্ষর করিতে হইবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট ও বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহা হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত টাকা মাত্র) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখিবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করিবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কৃর্তক হাট ও বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।।

১৬। হাট ও বাজারের ইজারার কোন অর্থ বা প্রাপ্য বলে ঐ অর্থ সরকারি দাবী আদায় আইন ১৯১৩ অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১৭। কোন বিশেষ কারণে যদি দরপত্র দাখিলের তারিখ পরিবর্তন করার একান্ত প্রয়োজন হয়, তাহা হলে দরপত্র আহবানকারী কর্মকর্তা ব্যাপক প্রচারের পদক্ষেপ গ্রহণপূর্বক লিখিতভাবে দরপত্র গ্রহণের পরবর্তী তারিখ ও সময় ঘোষণা করতে পারবেন।

১৮। চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হইলে ইজারা বাতিল করা হইবে।

১৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাহারোল, দিনাজপুর।
www.kaharol.dinajpur.gov.bd

স্মারক নম্বর: ০৫.৫৫.২৭৫৬.০০০.২২.০০২.২৬-১২১(২০০)

তারিখ: ০৮ মাঘ, ১৪৩২
২২ জানুয়ারি,২০২৬

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়);

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর
৪। জেলা প্রশাসক, দিনাজপুর
৫। পুলিশ সুপার, দিনাজপুর
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর
৭। প্রশাসক, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুর
৮। উপজেলা নির্বাহী অফিসার.............................................................(সকল), দিনাজপুর
৯। সহকারী কমিশনার (ভূমি), কাহারোল, দিনাজপুর। তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো
১০। উপজেলা ............................................অফিসার (সকল), কাহারোল, দিনাজপুর
১১। অফিসার ইনচার্জ, কাহারোল থানা, কাহারোল, দিনাজপুর (তাকে দরপত্র বাক্সে দরপত্র দাখিলের দিন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পর্যাপ্ত পুলিশ মোতায়েনের অনুরোধসহ)
১২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩। সহকারী প্রোগ্রামার (আইসিটি), কাহারোল, দিনাজপুর। তাকে উল্লিখিত বিজ্ঞপ্তিটি নিম্নস্বাক্ষরকারীর সিপিটিইউ'র ওয়েব সাইটে প্রকাশের জরুরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো
১৪। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান/ ইউপি প্রশাসনিক কর্মকর্তা .....................................(সকল) ইউ,পি, কাহারোল, দিনাজপুর তাকে বিজ্ঞপ্তিটি ইউনিয়ন পোর্টালে প্রকাশ এবং তার এলাকায় স্থানীয় হাট-বাজারে ঢোল শহরতের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ কর হলো
১৫। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, কাহারোল শাখা, কাহারোল, দিনাজপুর
১৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা......................................................(সকল), ইউনিয়ন ভূমি অফিস, কাহারোল, দিনাজপুর তাকে তার এলাকায় স্থানীয় হাট-বাজারে ঢোল শহরতের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থাসহ ধার্য্য তারিখের পূর্বে সার্ভিস রিটার্ন ফেরত পাঠানের জন্য অনুরোধ করা হলো
১৭। সম্পাদক, দৈনিক........................................। তাঁকে বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকার পরবর্তী সংখ্যায় ভিতরের পাতায় ৫"×৬ কলামে ০১ (এক) দিনের জন্য প্রকাশ করে প্রকাশের দিনই পত্রিকার কপি অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৮। জনাব ......................................... ইজারাদার, ..................................... হাট, পিতা ...................................... গ্রাম....................................... কাহারোল, দিনাজপুর।
১৯। অফিস কপি

২২।০১।২০২৬
মোকলেদা খাতুন মীম
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল, দিনাজপুর।
ফোনঃ০২৫৮৯-৯২৯৪৬৫